# বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ১ | ৩ |

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট    পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে]

১. কৌশিক এক গরিব পরিবারের জন্মগ্রহণ করে। সে অত্যন্ত মেধাবী ছিল। তার গুণে মুগ্ধ হয়ে সমাজের সচ্ছল ব্যক্তি পুলিন বড়ুয়া কৌশিকের লেখাপড়ার ভার গ্রহণ করেন। লেখাপড়া শেষ করে কৌশিক চাকরিতে উচ্চ পদে যোগদান করে। তারপর কৌশিক ধনী-গরিব নির্বিশেষে সকল ছেলে-মেয়েকে শিক্ষার সুযোগ দানের জন্য একটি বিদ্যালয় স্থাপন করে।

ক. শ্রাবস্তীর পূর্বারাম বিহার কে নির্মাণ করেন? ১

খ. বুদ্ধ নারীদের সম অধিকার দিয়েছিলেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. পুলিন বড়ুয়ার কর্মকাণ্ডটি বুদ্ধের সাম্যনীতির প্রতিফলন- ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জন্ম নয় কর্মের মাধ্যমে শ্রেষ্ঠত্ব অর্জন হয়' এ বাক্যটি কৌশিকের জীবনে কতটুকু প্রতিফলিত হয়েছে- বুদ্ধের সাম্যনীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

২. বিনয় চাকমা খুব ভোরে উঠে রাস্তায় অনেক দূর হাঁটাচলা করে থাকেন। তিনি প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন কাপড় পরিধান করে ত্রিরত্নের গুণ শরণ করেন। একদিন তাঁর এলাকায় আটজন ভিক্ষু পিণ্ডপাত্র নিয়ে প্রতিবেশীর বাড়ির সামনে উপস্থিত হন। বিনয় চাকমা ভিক্ষুদের নিকট এসে বন্দনা করেন এবং তাঁর পত্নীর রান্নাকৃত খাদ্যদ্রব্য দান করেন।

ক. 'সর্বজ্ঞ' বলতে কাকে বোঝান হয়েছে? ১

খ. বন্দনা করার পূর্বপ্রস্তুতি সম্পর্কে একটি নিয়ম ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বিনয় চাকমার ঘটনায় ত্রিরত্ন বন্দনার কোন গুণটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বন্দনার দ্বারা বিনয় চাকমা প্রাত্যহিক জীবনে কী ফল ভোগ করবেন? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

৩. প্রভাস বাবু একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি সংসার জীবনের ঝামেলা মোটেও পছন্দ করেন না। তাই তিনি সংসার জীবন ত্যাগ করে সন্ন্যাস জীবন গ্রহণ করতে চান। বিহারের অধ্যক্ষ অজিতানন্দ ভিক্ষুর পরামর্শে তিনি সন্ন্যাস জীবনে গমন করেন এবং যথারীতি শীল পালনে রত থাকেন।

ক. শীল শব্দের অর্থ কী? ১

খ. দুঃশীল ব্যক্তি কীরূপ ফল ভোগ করে? বর্ণনা কর। ২

গ. প্রভাস বাবু যে শীল পালনে রত থাকেন তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রভাস বাবুর পালনীয় শীলের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪. অনুপম ও কমল নবম শ্রেণিতে পড়ে। অনুপম লেখাপড়ায় কমলের চেয়ে ভালো। সে জন্য কমল তাকে সহ্য করতে পারে না। একদিন কমল পরীক্ষার মাঝখানে অনুপমের খাতা ছিঁড়ে ফেলে দেয়। এ বিষয় নিয়ে তাদের মধ্যে হাতাহাতির সৃষ্টি হলে তাদের শিক্ষক এসে তা মীমাংসা করে দেন এবং বলেন, ঝগড়া বিবাদ করা ভালো নয়।

ক. মঙ্গল সূত্র শুনে কারা সন্তুষ্ট হন? ১

খ. পরাভব সূত্র কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. অনুপম ও কমলের ঘটনাটি কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কমলের আচরণ পরিবর্তনের জন্য উক্ত সূত্রের তাৎপর্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. মুনীন্দ্র চাকমা ও যতীন্দ্র চাকমা দুজনেই সহপাঠী ছিলেন। যতীন্দ্র চাকমা অত্যন্ত কুটিল প্রকৃতির ছিল বিধায় মুনীন্দ্রের সাথে তার সুসম্পর্ক ছিল না। একদা মুনীন্দ্র চাকরির সুবাদে নিজ কর্মস্থলে যাওয়ার সময় রাস্তায় ডাকাত দলের আক্রমণে নির্যাতনের শিকার হয়ে বন্দি অবস্থায় দিনযাপন করতে থাকেন। যতীন্দ্র চাকমাও একদিন অনুরূপ ঘটনায় পতিত হন। ডাকাতেরা দু'জনকে একত্রে বন্দি করে রাখে। মুনীন্দ্রের আহত অবস্থা দেখে যতীন্দ্র অবাক হন। অতঃপর দুজনে মিলে কৌশলে পালিয়ে গিয়ে নিরাপদ স্থানে পৌঁছাতে সক্ষম হন। তারা ডাকাতদের প্রতি প্রতিহিংসা না করে ক্ষমা করে দেন।

ক. থেরবাদ বৌদ্ধমতে পারমী কয় প্রকার? ১

খ. সত্য পারমী বলতে কী বোঝায়? ২

গ. মুনীন্দ্র ও যতীন্দ্র চাকমার ঘটনায় বোধিসত্ত্বের পারমী পূরণের যে বিষয়গুলো প্রতিফলিত হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনায় উভয়ের আচরণিক পরিবর্তনে দশ পারমীর গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৬. শ্রমণ অরণ্য আজ মহেন্দ্রনাথ ভিক্ষুর কাছে অষ্টপরিষ্কার নিয়ে শরণাপন্ন হয়েছে। কিন্তু মহেন্দ্রনাথ যে বিহারে থাকেন সেখানে ভিক্ষুসীমা নেই তার নদীর মাঝে নৌকায় বসে শ্রমণ অরণ্য যে প্রার্থনার উদ্দেশ্যে এসেছে তা সম্পন্ন করেছে। এ অনুষ্ঠানে পাঁচজন ভিক্ষু উপস্থিত আছেন। মূলত শিক্ষণীয় বিষয় সমাপ্তির পর শ্রমণরা এ অনুষ্ঠান করেন।

ক. প্রব্রজ্যা শীলের অপর নাম কী? ১

খ. প্রব্রজ্যিত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয় গ্রহণের আনুষ্ঠানিক প্রার্থনা পালি ও বাংলায় বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. একান্ত প্রচেষ্টা ও আত্মত্যাগের মহিমায় মহিমান্বিত হয়ে আছেন এমন একজন স্থবির যিনি ভগবান গৌতম বুদ্ধের বংশধর। তাঁর চেহারা ছিল অত্যন্ত সুন্দর ও কোমল। তাঁর পিতা তাঁর জন্য তিন ঋতুর উপযোগী তিনটি প্রাসাদ নির্মাণ করেছিলেন।

ক. রাজা সন্তুষ্ট হয়ে অন্নভারকে কত মুদ্রা প্রদান করলেন? ১
খ. দানকার্য শেষে মল্লিকাদেবী পুত্রবধূদের কী বলেছিলেন? ২
গ. উদ্দীপকে কোন মহান স্থবিরের ইঙ্গিত রয়েছে? পাঠ্যবই অনুসারে তার পরিচয় ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত স্থবিরই অন্নভার বিশ্লেষণ কর। ৪

৮. পরীক্ষা শেষে চুমকী বড়ুয়া তার পরিবার-পরিজনদের সঙ্গে একটি তীর্থস্থান দর্শনের জন্য নেপালে যান। তাঁরা উক্ত তীর্থস্থানে বৌদ্ধযুগের অনেক প্রাচীন নিদর্শন দেখতে পান। পাঁচজন শিষ্যের নিকট বুদ্ধের দেশনারত একটি ছবি তাঁদের নজরে পড়ে। তাছাড়া বৌদ্ধ সভ্যতার অনেক বৌদ্ধমূর্তি ও স্তম্ভের ধ্বংসাবশেষও তাদের আকৃষ্ট করে। উক্ত বিহার দর্শনের এক পর্যায়ে চুমকী বড়ুয়ার বাবা বললেন, এসব তীর্থস্থানের প্রত্নতাত্ত্বিক গুরুত্ব অপরিসীম।

ক. গৌতম বুদ্ধ কোথায় বুদ্ধত্ব লাভ করেন? ১
খ. লুম্বিনী মহাতীর্থস্থান হিসেবে খ্যাত কেন? আলোচনা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বিহারটি কোন তীর্থস্থানের কথা নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তীর্থস্থানের প্রত্নতাত্ত্বিক গুরুত্ব অপরিসীম-চুমকী বড়ুয়ার বাবার বক্তব্যের সঙ্গে তুমি কি একমত? বৌদ্ধ তীর্থস্থান অধ্যায়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯. অসিত মারমা এলাকার একজন শিক্ষিত ও ধনী ব্যক্তি। সমাজে তাঁর প্রভাব প্রতিপত্তি ও সম্মান অনেক। তিনি এলাকার মানুষদের দুঃখ-কষ্ট সহ্য করতে পারতেন না। কোনো কারণে কারও সাথে মতবিরোধ দেখা দিলে তা সহজে সমাধান করে দিতেন। এলাকার মানুষ যাতে শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয় সে জন্য তিনি অনেক স্কুল ও কলেজ স্থাপন করেন। এলাকাবাসী তাকে সাদা মনের মানুষ উপাধিতে ভূষিত করেন।

ক. ইউ-চি জাতি কোন সীমান্তে বাস করত? ১
খ. চতুর্থ সংগীতি আয়োজনের কারণ সংক্ষেপে বর্ণনা কর। ২
গ. উদ্দীপকের অসিত মারমার সাথে কোন সম্রাটের সঙ্গে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অসিত মারমার মত ব্যক্তিরা শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠায় যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড: ১ ১ ৩

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. আজ হতে কত বছর আগে গৌতম বুদ্ধ জন্মগ্রহণ করেন?
ⓚ ২০০০ বছর আগে ⓚ ২২০০ বছর আগে
ⓖ ২৪০০ বছর আগে ⓖ ২৫০০ বছর আগে

২. বুদ্ধ সকল মানুষকে কয়টি জাতি হিসেবে দেখতেন?
ক একটি জাতি খ দুটি জাতি
গ তিনটি জাতি ঘ চারটি জাতি

৩. বুদ্ধ নাপিত উপালিকে সবার আগে প্রব্রজ্যা ধর্মে দীক্ষা দেন কেন?
ক কনিষ্ঠ বলে খ সম্মানিত করতে
গ উঁচু বর্ণের ঘ ক্ষত্রিয় বলে

৪. নারীরা কীভাবে পুরুষের পাশাপাশি অর্হৎ হতে পারতেন?
ক সাধনার মাধ্যমে খ বৌদ্ধধর্ম গ্রহণ করে
গ দানের মাধ্যমে ঘ সন্ন্যাসী হয়ে

৫. বুদ্ধের সাম্যনীতিতে কোন বিষয়টি প্রতিফলিত হয়?
ক নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি
খ বংশগতভাবে মর্যাদার অধিকার
গ উঁচু নিচুর সামাজিক স্বীকৃতি
ঘ সামাজিক সখ্য

৬. সাম্যনীতি বলতে বোঝায়—
i. বৈষম্যহীনতা
ii. ন্যায়বিচার
iii. মৌলিক অধিকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. মানুষের পরিচয় নির্ধারণ হয়—
ক কুশল-অকুশল কর্ম দ্বারা
খ মেধা ও যোগ্যতা দ্বারা
গ প্রভাব দ্বারা
ঘ বংশ মর্যাদা দ্বারা

৮. হিরণ্যকে স্থবির কার পুত্র ছিলেন?
ক রাজার পুত্র খ কৃষকের পুত্র
গ সওদাগরের পুত্র ঘ চোরের পুত্র

৯. কারা একমাত্র বন্দনার যোগ্য?
ক রাজারা খ সম্রাটরা
গ ব্রাহ্মণরা ঘ জ্ঞানীরা

১০. দুঃখ মুক্তির প্রথম ধাপ কোনটি?
ক নির্বাণ লাভ খ বন্দনা
গ তপস্যা ঘ দান

১১. ভগবানের পুদ্গল হিসেবে কত প্রকার পুদ্গল আছে?
ক ৬ প্রকার খ ৮ প্রকার
গ ১০ প্রকার ঘ ১২ প্রকার

১২. 'সথা' অর্থ কী?
ক শাস্তি খ সন্ন্যাসী
গ বিদ্যা ঘ শিক্ষক

১৩. আমরা বন্দনা করি কেন?
ক কল্যাণের জন্য খ ঐশ্বর্যশালী হতে
গ বুদ্ধের প্রয়োজনে ঘ ধর্মের প্রয়োজনে

১৪. শিষ্টকুণ্ডলী দেবলোকে উৎপন্ন হয়েছিলেন কেন?
ক দান করায়
খ পুণ্যময় কর্ম সম্পাদন করায়
গ বুদ্ধকে প্রসন্নচিত্রে দান করায়
ঘ ভিক্ষুসংঘে যোগদান করায়

১৫. গৌতম বুদ্ধকে সুগত বলার কারণ কোনটি?
ক আহ্বানের যোগ্য বলে
খ উপযুক্ত পথে চালিত বলে
গ নির্বাণে গমন করেছেন বলে
ঘ লাভ সৎকারের যোগ্য বলে

১৬. পিতা-মাতাকে প্রণাম করাও বন্দনা। এর যৌক্তিক কারণ কী?
ক তারা গুরুজন খ তারা আপনজন
গ ধর্মীয় প্রথা ঘ ধর্মীয় নির্দেশ

১৭. শ্রমণদের নিত্য পালনীয় শীল কোনটি?
ক পঞ্চশীল খ অষ্টশীল
গ দশশীল ঘ প্রাতিমোক্ষ শীল

১৮. ত্রিরত্ন বন্দনা করতে হয় কয় বেলা?
ক এক বেলা খ দুই বেলা
গ তিন বেলা ঘ চার বেলা

১৯. 'বেরমনী' শব্দের অর্থ কোনটি?
ক বিরত থাকা খ শীল
গ শিক্ষাপদ ঘ প্রতিগ্রহণ

২০. কার নিকট শীল গ্রহণ করতে হয়?
ক ভিক্ষুর নিকট খ গুরুর নিকট
গ শ্রামণের নিকট ঘ শিক্ষকের নিকট

২১. কেন মুণি-ঋষিরা বৈরাগ্য জীবন যাপন করেছিলেন?
ক সৎ থাকার জন্য খ ধর্ম পালনের জন্য
গ দুঃখ থেকে মুক্তির জন্য ঘ শীল গ্রহণের জন্য

Teachingbd.com

২২. 'শ্রামণ' পদটি গঠিত হয়েছে কোনটি থেকে?
ক 'শ্রু' ধাতু থেকে  খ 'শ্রম' ধাতু থেকে
গ 'মা' ধাতু থেকে  ঘ 'শ্রমণ' ধাতু থেকে

২৩. রামদত্ত তাঁর পুত্র ও কন্যাকে প্রব্রজ্যা দিলেন, শুধু বুদ্ধ শাসনের উত্তরাধিকারী হওয়ার জন্য। রামদত্তের সাথে নিচের কার মিল রয়েছে?
ক সিদ্ধার্থের  খ রাজা শুদ্ধোদনের
গ সম্রাট অশোকের  ঘ রাজা বিম্বিসারের

২৪. যে কারণে উপোসথ ব্রত প্রবর্তন করা হয়—
i. সাংসারিক জীবন গঠনের জন্য
ii. ধর্মীয় জীবন গঠনের জন্য
iii. সংযত আচরণের জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৫. গৌতম বুদ্ধ সিদ্ধার্থরূপে জন্মগ্রহণের আগে কতবার জন্মগ্রহণ করেন?
ক ৪৫০ বার  খ ৫৫০ বার
গ ৬৫০ বার  ঘ ৭৫০ বার

২৬. গৌতম বুদ্ধ অমরাবতী নগরে কী রূপে জন্মগ্রহণ করেন?
ক রাজপুত্র  খ জ্ঞানী তাপস
গ নাপিত  ঘ ব্রাহ্মণ

২৭. কীভাবে বীর্য পারমী অর্জন করা যায়?
ক জ্ঞানের দ্বারা  খ শক্তির দ্বারা
গ অধ্যবসায় দ্বারা  ঘ শীলের দ্বারা

২৮. কীভাবে কৃষক জঙ্গল থেকে বের হতে সমর্থ হয়?
ক বানরকে অনুসরণ করে
খ রক্তের ফোঁটা অনুসরণ করে
গ বুদ্ধকে অনুসরণ করে
ঘ ভিক্ষুকে অনুসরণ করে

২৯. বৌদ্ধ ধর্মে পারমীর গুরুত্ব অপরিসীম, কারণ—
i. জীবনের উৎকর্ষতা সাধিত হয়
ii. নির্বাণ লাভের হেতু উৎপন্ন হয়
iii. বুদ্ধত্ব লাভের হেতু উৎপন্ন হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:
সুকুমার বুদ্ধ হওয়ার আশায় গৃহত্যাগ করে। সে পথে পথে ঘুরে ঘুরে মানুষের অসহায়ত্ব দেখতে পায়। মানব মুক্তির জন্য সে ধ্যান করতে থাকে। একদা সে একটি আহত সিংহকে দেখতে পায় এবং মৃত্যুভয় উপেক্ষা করে সিংহকে বাঁচাতে এগিয়ে আসে।

৩০. উদ্দীপক অনুযায়ী বুদ্ধ হওয়ার জন্য প্রয়োজন—
i. ইচ্ছা
ii. সংকল্প  iii. সামর্থ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩১. সিংহকে সাহায্যের মাধ্যমে প্রকাশ পায়—
ক মৈত্রী পারমী  খ নৈষ্ক্রম্য পারমী
গ সত্য পারমী  ঘ উপেক্ষা পারমী

৩২. দান পারমী কয় প্রকার?
ক দুই  খ তিন  গ চার  ঘ পাঁচ

৩৩. প্রব্রজ্যার অপর নাম কী?
ক বুদ্ধ জীবন  খ খোলা মন
গ মুক্ত জীবন  ঘ মুক্ত মন

৩৪. কতবার প্রব্রজ্যা প্রার্থনা করতে হয়?
ক একবার  খ দুইবার
গ তিনবার  ঘ চারবার

৩৫. কীভাবে জ্ঞানালোকের সাধনা করতে হয়?
ক শান্ত চিত্তে  খ ভাবুক চিত্তে
গ চঞ্চল চিত্তে  ঘ ধীর চিত্তে

৩৬. কখন আনন্দ শোভাযাত্রা হয়?
ক প্রব্রজ্যা গ্রহণের পূর্বাহ্নে
খ প্রব্রজ্যা গ্রহণের উষালগ্নে
গ প্রব্রজ্যা গ্রহণের মধ্যাহ্নে
ঘ প্রব্রজ্যা গ্রহণের গোধূলিলগ্নে

৩৭. উপসম্পদা লাভের ন্যূনতম বয়স কত?
ক ৭ বছর  খ ১৯ বছর
গ ২০ বছর  ঘ ১১ বছর

৩৮. উপসম্পদা নৌকায় বসে সম্পন্ন করতে হয়। কারণ—
ক জোয়ার-ভাটা  খ উত্তাল সাগর
গ সমাজব্যবস্থা  ঘ জীবনাচার

৩৯. কোন ধর্মীয় আচার-অনুষ্ঠান করা হয়?
ক সাধনা করার জন্য  খ পুণ্য অর্জনের জন্য
গ অনুশীলন করার জন্য  ঘ রাজনীতি করার জন্য

৪০. প্রব্রজ্যা প্রার্থীকে কার অনুমতি নিতে হয়?
ক ভিক্ষুর  খ গুরুর
গ মাতা-পিতার  ঘ শিক্ষকের

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

http://teachingbd.com